

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০০৭.১৬-

তারিখ: ০৫.১০.২৩
২৮/০৪/২০১৬

“বেগম রোকেয়া পদক” প্রদানের জন অনুসৃত্য নীতিমালা

নারী জাগরণের ক্ষেত্রে রোকেয়ার অবিস্মরণীয় অবদান চিরঞ্জীব করা এবং এই অবদান হইতে অনুপ্রাণিত হওয়ার উদ্দেশ্যে সরকার নিম্নলিখিত নিয়মাবলী পরিপালন সাপেক্ষে “বেগম রোকেয়া পদক” নামে একটি রাষ্ট্রীয় পদক প্রবর্তন করিয়াছেন :

- (১) (ক) এই পদক যাহাকে প্রদান করা হইবে তাহাকে বাংলাদেশে একজন মহিলা নাগরিক হইতে হইবে;
(খ) নারী শিক্ষা, নারী অধিকার এবং আর্থ-সামাজিক উন্নয়নে তাহার গুরুত্বপূর্ণ অবদান থাকিতে হইবে;
(গ) চরিত্রশুন ও দেশাত্ববোধে তাহাকে অনবদ্য হইতে হইবে;
(ঘ) গ্রাম বাংলার লোকজ সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, নারীদের আর্থ-সামাজিক উন্নয়ন এবং পল্লী উন্নয়নে বিশেষ অবদান থাকিতে হইবে।

২। প্রতি বৎসর প্রদত্ত পদকের সংখ্যা অনধিক ২(দুই) হইবে। পুরস্কৃত প্রত্যেককে ১৮ (আঠার) ক্যারেট মানের ২৫ (পঁচিশ) গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক, এককালীন ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং একটি সম্মানাপত্র প্রদান করা হইবে।

৩। “বেগম রোকেয়া পদক” প্রদানের উদ্দেশ্যে মনোনয়ন আহ্বান এবং প্রার্থী নির্বাচনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হইবেঃ

১. প্রতি বৎসর ৩০শে জুন তারিখের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগ, বিশ্ববিদ্যালয়/বাংলা একাডেমী এবং নজরুল ইনিস্টিটিউট হইতে পূর্ববর্তী বছরের জন্য মনোনয়ন আহ্বান করা হইবে।

২. প্রাথমিক প্রার্থী বাছাই ও নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি কাজ করিবে :

(ক) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী	- আহবায়ক
(খ) সচিব, শিক্ষা মন্ত্রণালয়	- সদস্য
(গ) সচিব, তথ্য মন্ত্রণালয়	- সদস্য
(ঘ) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	- সদস্য
(ঙ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	- সদস্য
(চ) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	- সদস্য
(ছ) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	- সদস্য সচিব

৩. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রাপ্ত মনোনয়নের তালিকা সংশ্লিষ্ট তথ্যাদিসহ ৩১ শে আগষ্ট তারিখের মধ্যে এই কমিটির বিবেচনা ও সিদ্ধান্তের জন্য পেশ করিবে।

৪. ১৫ই অক্টোবর তারিখের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বাছাই কমিটি পুরস্কার পাইবার উপযুক্ত মহিলাদের নামের তালিকা জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে। মন্ত্রিপরিষদ বিভাগে তালিকা প্রেরণ করিবার সময় তালিকায় অন্তর্ভুক্ত মহিলাদের অবদান সম্পর্কে উল্লেখ থাকিবে।


৫. জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হইতে প্রাপ্ত তালিকার ভিত্তিতে চূড়ান্তভাবে নাম বাছাই করিবে।

৬. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক “বেগম রোকেয়া দিবস” এর প্রারম্ভে জাতীয় প্রচার মাধ্যম রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের মাধ্যমে নির্বাচিত ব্যক্তির নাম প্রচার করা হইবে। তাহার পূর্বে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নির্বাচিত ব্যক্তিদের সংগে যোগাযোগ করিয়া পদক গ্রহণে তাহার/তাহাদের সম্মতি নিবেন।

৭. প্রতি বৎসর ৯ ডিসেম্বর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত “বেগম রোকেয়া দিবস” অনুষ্ঠানে অথবা আলাদাভাবে আয়োজিত অন্য কোন অনুষ্ঠানে এই পদক প্রদান করা হইবে।

৮. মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে অথবা পদকপ্রাপ্ত ব্যক্তির শারীরিক অসুস্থতার দরুণ অথবা অন্য কোন কারণ বশতঃ পদক প্রাপ্তির জন্য নির্বাচিত ব্যক্তি পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হইতে অপারগ হইলে তাহার প্রতিনিধি অনুষ্ঠানে উপস্থিত থাকিয়া পদক গ্রহণ করিতে পারিবেন।

৯. পদক প্রাপ্ত ব্যক্তি যদি বিদেশে অবস্থান করেন এবং শীঘ্রই তাহার দেশে প্রত্যাবর্তনের সম্ভাবনা না থাকে, তাহা হইলে পরবর্তী বছর পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকিয়া তিনি পদক গ্রহণ করিতে পারিবেন।


(নাছিমা বেগম এনজিসি)
সচিব